

# KANYASHREE UNIVERSITY

M.A. 3<sup>rd</sup> Semester Examination-2024

Subject: Bengali

Course- CC 12

History of Bengali Literature (20<sup>th</sup> Century)

পূর্ণমানঃ ৪০

সময়ঃ ২ ঘণ্টা

## বিভাগ-ক

(যে কোনো চারটি প্রশ্নের উত্তর দিন)

(৫×৪=২০)

১. বাংলা সাময়িক পত্রের ধারায় *সবুজপত্র* পত্রিকার গুরুত্ব আলোচনা করুন।
২. “কল্লোলগোষ্ঠী রবীন্দ্র বিরোধিতাকে কেন্দ্র করে আত্মপ্রকাশ করলেও সময়ের সঙ্গে কল্লোল চেতনা বাংলা সাহিত্যকে বৈচিত্র্যপূর্ণ করে তুলেছিল।”- মন্তব্যের পক্ষে বা বিপক্ষে সংক্ষেপে আপনার অভিমত প্রদান করুন।
৩. বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনের প্রভাব সমকালীন সাহিত্যকর্মকে কীভাবে প্রভাবিত করেছে তা দৃষ্টান্তসহ আলোচনা করুন।
৪. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের গল্পে নারী মনস্তত্ত্বের যে বহুমাত্রিকতা পরিলক্ষিত হয়- সে সম্পর্কে দৃষ্টান্ত সহ বিশ্লেষণ করুন।
৫. ১৯৭০-১৯৮৫ পর্বের বাংলা প্রবন্ধ সাহিত্যের বিশিষ্টতা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।
৬. তেভাগা আন্দোলনের প্রভাব বাংলা ছোটগল্পে কীভাবে প্রত্যক্ষ করা যায় তা দৃষ্টান্তসহ উল্লেখ করুন।
৭. বাংলা রাজনৈতিক নাটকের ধারায় উৎপল দত্তের নাট্যকৃতিত্বের পরিচয় দিন।

## বিভাগ-খ

(যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন)

(১০×২=২০)

১. রবীন্দ্রনাথের জীবদ্দশাতেই রবীন্দ্রোত্তর বাংলা কাব্যের লক্ষণগুলি স্পষ্ট হয়ে উঠেছিল। এ সম্পর্কে আপনার অভিমত প্রকাশ করুন।
২. “মানিকের পর বাংলা সাহিত্যে শরীর বদলেছে, সাজগোজ ঘটেছে অনেক কিছু। কিন্তু ওই দুটি চোখ। তারপর নতুন চোখ আর এল না, এখনো আসেনি।”- মানিক বন্দ্যোপাধ্যায় সম্পর্কে সমালোচকের এমন মন্তব্যের যথার্থতা বিচার করুন।
৩. বিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধের বাংলা সাহিত্যে কল্পকাহিনীর গুরুত্ব বিশ্লেষণ করুন।
৪. ১৯৪০-১৯৫০ এই সময়পর্বের বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক ঘটনা প্রবাহ বাংলা সাহিত্যের বাঁক বদলে যে ভূমিকা নিয়েছিল- দৃষ্টান্তসহ আলোচনা করুন।

\*\*\*\*\*